# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 FEBRUARY 2025** **7:45—7:55**

---

১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর কাছাড় জেলায় ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচির দ্বিতীয় পর্যায়ের সূচনা ।
২) আগামী ৫ বছরে সিমেন্ট উৎপাদনে আসাম দেশের মধ্যে প্রথমশারীর রাজ্যে পরিণত হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।
৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ মার্চ গৌহাটি-পাঁচগ্রাম এক্সপ্রেস হাইওয়ে নির্মান কার্যের শুভারম্ভ এবং শিলচর কেপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখারি পর্যন্ত ফ্লাইওভার নির্মানের শিলান্যাস করবেন বলে মুখ্যমন্ত্রীর প্রকাশ ।

এবং

৪)মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে আজ কাছাড় , শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলার মোট ৭ হাজার ২শো ৭৩ জন হিতাধিকারীর মধ্যে প্রথম কিস্তির অনুদান বিতরণ ।

---

কাছাড় জেলার কাটিগড়ার ভারত-বাংলাদেশ সীমান্ত অঞ্চল নাতানপুরে আজ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচীর দ্বিতীয় পর্যায়ের সূচনা করেন । তিনি আজ প্রথমে নাতানপুর সীমান্ত আউটপোষ্ট পরিদর্শন করে অনুষ্ঠানস্থলে উপস্থিত হন । সেখানে মহিলা আত্মসহায়ক গোষ্ঠীর দোকান পরিদর্শন করে লাখপতি দিদিদের সঙ্গে মত বিনিময় করেন । পরে তিনি জনসভায় ভাষণ প্রসঙ্গে বলেন যে সীমান্তবর্তী গ্রামগুলিকে দেশের শেষ গ্রাম বলে গণ্য করা হবে না বরং দেশের প্রথম গ্রাম হিসেবে গণ্য করা হবে । সীমান্তবর্তী অঞ্চলসমূহের উন্নয়নের জন্য  প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছেন বলেও তিনি উল্লেখ করেন ।

শ্রী শাহ বলেন যে দেশের ১৭ টি রাজ্যের ৩৩৪ টি ব্লক এবং প্রায় ১ হাজার ৯৪৫ টি গ্রাম সহ আসামের ১৪০ টি সীমান্তবর্তী গ্রামে এধরণের অনুষ্ঠানের আয়োজন করা হবে ।কর্মসংস্থাপন ,বিদ্যুত ,শিক্ষা ও অন্যান্য মৌলিক সুবিধার ক্ষেত্রে পিছিয়ে থাকা সীমান্তবর্তী গ্রামগুলিকে অন্যান্য উন্নত গ্রামসমূহের সমান করে তোলা হবে ।

তিনি আরো বলেন যে ভারত- পাকিস্তান সীমান্তের ৩৩৪ টি ব্লক এবং প্রায় ২০০০ গ্রামেও উন্নয়নমূলক কাজকর্ম আরম্ভ হয়েছে । অবৈধ দখল আসামের অন্যতম বৃহৎ সমস্যা বলে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে আসামে অবৈধ জমি দখলমুক্ত করার জন্য অভিযান চলছে এবং অনুপ্রবেশকারীকে শণাক্ত করে উচ্ছেদ করা হবে । শ্রী শাহ বলেন যে আগামী পাঁচ বছরের মধ্যে আসামকে বন্যামুক্ত রাজ্য হিসেবে গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । সেইসঙ্গে তিনি রাজ্যের সড়কের পরিকাঠামো উন্নয়ন ,পর্যটন কেন্দ্র নির্মাণ এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য কাজ চলছে বলেও দাবী করেন । স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে বিগত ১০ বছরে কেন্দ্রীয় সরকার আসামের উন্নয়নের জন্য প্রায় ১৫ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে এবং একটি উন্নত আসাম গড়ার অন্যতম গুরুত্বপূর্ন অংশ হচ্ছে ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচী ।

অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে কাছাড় জেলার কাটিগড়া সীমান্ত এলাকাই শুধু নয় ,আসামের অন্যান্য সীমান্ত জেলায়ও ভাইব্রেন্ট কার্যসূচী রূপায়ন করা হবে । এই প্রকল্পের জন্য প্রায় ৬০০০ কোটি টাকা ব্যয় করা হবে । তিনি বলেন যে সীমান্ত অঞ্চলে বিদ্যুত ,মোবাইল সংযোগ ,পানীয় জল উন্নত সড়ক ,চিকিৎসালয় ,শিক্ষাপ্রতিষ্ঠান ইত্যাদি মৌলিক সেবা চালু করা হবে যাতে সীমান্ত অঞ্চলের জনসাধারণ অন্যস্থানে যেতে বাধ্য না হন । বিশেষ করে ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় উন্নয়ন শক্তিশালী করা হবে । প্রায় ৫ লক্ষ বিঘা জমি থেকে অবৈধ দখলকারীকে উচ্ছেদ করা সহ সীমান্ত দখল রোধের জন্য প্রশাসন কঠোর ব্যাবস্থা গ্রহণ করবে বলেও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । এদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর আগামীকাল গৌহাটীর সরুসজাই স্টেডিয়ামে সি আর পি এফের ৮৭ তম প্রতিষ্ঠা দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করার কথা রয়েছে । কেন্দ্রীয় বাহিনীটি প্রথমবারের জন্য উত্তর-পূর্বাঞ্চলে প্রতিষ্ঠা দিবসের জাতীয় কুচকাওয়াজের আয়োজন করেছে । সেইসঙ্গে তিনি সোনাপুরের কচুথলীতে দশম আসাম পুলিশ ব্যাটেলিয়নের নতুন ছাউনীর ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ বিহাড়ায় দেশের প্রথমশারীর সিমেন্ট উৎপাদনকারী কোম্পানী ষ্টার সিমেন্টের একটি কারখানার উদ্বোধন করেছেন । আসামকে দেশের

প্রথমশারীর শিল্প রাজ্য হিসেবে গড়ে তোলার লক্ষ্যে রাজ্য সরকারের পদক্ষেপের অংশ হিসেবে স্থাপন করা অত্যাধুনিক সিমেন্ট কারখানাটিতে বছরে ২ নিযুত টন সিমেন্ট উৎপাদন হবে । উচ্চতর আর্ন্তজাতিক মান নিশ্চিত করার জন্য এই সিমেন্ট কারখানাটিতে বিশ্বমানের জার্মান প্রযুক্তি ব্যবহার করা হয়েছে ।

আজ এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্বে মোট ৫ লক্ষ কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব এসেছিল । এরমধ্যে প্রায় ৩ লক্ষ কোটি টাকার বিনিয়োগের কাজ ইতিমধ্যেই আরম্ভ হয়েছে । এই সিমেন্ট কারখানা বিনিয়োগের জন্য যে সমঝোতা চুক্তি করেছিল এর কাজ কম সময়ের মধ্যে শুরু করতে সক্ষম হয়েছে । এই কারখানার উৎপাদন বছরে ৮ থেকে ১০ নিযুত টন হওয়ার পথে চলেছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে ষ্টার সিমেন্ট কামরূপ মহানগর জেলায় বছরে ৪ নিযুত টন সিমেন্ট উৎপাদনের কারখানা অব্যাহত রেখেছে এবং যোরহাট জেলায়ও  বছরে ২ নিযুত টন উৎপানে সক্ষম কারখানা গড়ে তোলর কাজ অব্যাহত রেখেছে । এই কারখানার সফলতার পর অন্যান্য বহু কোম্পানী আসামে সিমেন্ট কারখানা স্থাপন করতে এগিয়ে আসছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে আগামী ৫ বছরে সিমেন্ট উৎপাদনে আসাম দেশের মধ্যে প্রথমশারীর রাজ্যে পরিনত হবে । সিমেন্টকে যেকোন পরিকাঠামো নির্মানের কাচা সামগ্রী বলে অভিহিত করে তিনি বলেন যে একটি রাজ্যে সিমেন্ট কারখানা স্থপনের বিষয়টি এই ইঙ্গিত বহন করে যে ওই রাজ্যে পরিকাঠামো উন্নয়নের কাজ দ্রুত গতিতে চলছে , রাজ্যবাসী পাকা ঘর নির্মান করছে এবং একই সঙ্গে সেই রাজ্যে বৃহৎ কোম্পানীর আগমন ঘটছে । সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নামরূপে ১০ হাজার কোটি টাকা ব্যায়সাপেক্ষে ১২ লক্ষ মেট্রিকটন ক্ষমতাসম্পন্ন এমোনিয়া-ইউরিয়া প্রকল্প এবং কাজিরাঙ্গায় ৭ হাজার কোটি টাকা ব্যায়সাপেক্ষে ৩৬ কিলোমিটার দৈর্ঘ্যের এলিভেটেড করিডোরের শিলান্যাস করা ছাড়াও কিছুদিন আগে ব্রম্মপুত্রের ওপর গৌহাটি-উত্তর গৌহাটি সংযোগী একটি সেতুর উদ্বোধন করেছেন বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে গত সপ্তাহে কেন্দ্রীয় মন্ত্রীসভা ব্রম্মপুত্র নদের নীচে নুমলীগড়-গহপুর সংযোগী দীত সুরুঙ্গ সড়ক নির্মানে অনুমোদন জানিয়েছে । তিনি জানান যে আগামী ১৪ মার্চ প্রধানমন্ত্রী বরাক উপত্যকা সফর করবে এবং গৌহাটি ও পাঁচগ্রামের মধ্যে যাত্রার সময় সাড়া চার ঘন্টা হ্রাস করে ২২ হাজার কোটি টাকা ব্যায়সাপেক্ষে আসামের প্রথম এক্সপ্রেস হাইওয়ে নির্মানের কাজ আরম্ভ করবেন ।

আসামে অব্যাহত উন্নয়নমূলক কাজের জন্য সিমেন্ট ইত্যদি কাঁচা সামগ্রীর অধিক প্রয়োজন হব বলে মন্তব্য করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে গত ৫ বছর ছিল একটি

পটভূমি নির্মাণের সময় এবং পরবর্তী ৫ বছরে আসামের উল্লেখযোগ্য উন্নয়ন হবে । এর পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী ষ্টার সিমেন্টকে ২০ হাজার কোটি টাকা বিনিয়োগের পরিকল্পনা করার আহ্বান জানান । আসামের যুবক-যুবতীদের কম বেতনের চাকরীর জন্য বাইরে না গিয়ে আসামে যাতে সংস্থাপন পায় সেই পরিবেশ গড়ে তুলতে আসাম সরকারকে সহযোগিতা করতে তিনি ষ্টার সিমেন্ট কর্তৃপক্ষকে আহ্বান জানান । মুখ্যমন্ত্রী বলেন যে বরাক উপত্যকায় ষ্টার সিমেন্টের কারখানা স্থাপনের মাধ্যমে আরম্ভ হওয়া এই যাত্রা বহুদূর এগিয়ে যাবে ।

----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে আজ কাছাড় , শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলার মোট ৭ হাজার ২শো ৭৩ জন হিতাধিকারীর মধ্যে প্রথম কিস্তির অনুদান বিতরণ করা হয় । কাছাড় জেলার ৩ হাজার ৭শো ২ জন , শ্রীভূমি জেলার ২ হাজার ৩শো ৯২ জন এবং হাইলাকান্দি জেলার ১ হাজার ১শো ৭৯ জন হিতাধিকারী এই প্রকল্পের অধীনে আর্থিক সহায়তা লাভ করেছেন । এই উপলক্ষে আজ শিলচর আই এস বি টিতে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার সঙ্গে মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া , কৌশিক রাই , কৃষ্ণেন্দু পাল , সাংসদ পরিমল শুক্লবৈদ্য সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

এই অনুষ্ঠানে আজ অম্রুত অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে কাছাড় জেলার জল সরবরাহের ক্ষেত্রে নবতম সংযোজন হিসেবে দুটি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করা হয় । লক্ষীপু শহরে ২০ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মান করা জল সরবরাহ প্রকল্পটির আজ উদ্বোধন করা হয় । এই প্রকল্পের মাধ্যমে লক্ষীপুর শহরের ১০টি ওয়ার্ডে মোট ৪ হাজার পাইপযোগে জলসরবরাহ সংযোগ স্থাপনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে । ফলে ওই অঞ্চলের প্রায় ২ হাজার ৫৫টি পরিবার উপকৃত হবে । এছাড়াও অম্রুত অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে ৩২ কোটি টাকা ব্যায়সাপেক্ষে শিলচর আবর্জনা নিষ্কাশন প্রকল্পের শিলান্যাস করা হয় ।

----------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আজ শিলচর থেকে ভার্চুয়াল ব্যবস্থার মধ্য দিয়ে হাইলাকান্দি  লালা ও বদরপুর শহরের দীর্ঘ দিনের পানীয় জল সমস্যা সমাধানের লক্ষ্যে জল সরবরাহ প্রকল্পের শিলান্যাস করেন ।

এদিকে রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের উদ্যোগে আজ হাইলাকান্দি রবীন্দ্র ভবনে জল সরবরাহ প্রকল্পের শিলান্যাস অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয় ।

অনুষ্ঠানে জেলা আয়ুক্ত অভিষেক জৈন , পৌরসভার সভাপতি মানব চক্রবর্তী প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য হাইলাকান্দি শহরের জল সরবরাহ প্রকল্পের জন্য ৭৩ কোটী এবং লালা শহরের জল সরবরাহ প্রকল্পের জন্য প্রায় ৪০ কোটী টাকা ব্যয় করা হবে । ২০২৯ সালের জুন মাসের মধ্যে এই দুটি প্রকল্পের কাজ শেষ করার লক্ষ্য নির্ধারন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগে এবং আসাম একাউনটেন্ট জেনারেলের সহযোগীতায় হাফলং জেলা আয়ুক্তের কার্যলয়ের সভাকক্ষে দু দিনের পেনশন ও জি পি এফ সমাধান সভার আজ সমাপ্তি হয়েছে । এই কার্যসূচীর মূল উদ্দেশ্যে হচ্ছে অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের দীর্ঘ দিনের পেনশন ও জেনারেল প্রভিডেন্ট ফান্ডের মতো সমস্যাগুলির সমাধান করা । রাজ্য সরকারের পেনশন বিভাগের ডেপুটি একাউনেন্ট জেনারেল স্নেহাশীষ মূর্খাজীর পৌরহিত্যে আয়োজিত সভায় অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের পেনশন ও জি পি এফ সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । পরে পেনশন প্রাপকদের বিভিন্ন বিষয় নিয়ে একটি মত বিনিময় সভাও অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------

অষ্টম অসম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপ প্রতিযোগীতার দক্ষিন আসাম জোনের আজকের খেলায় হাইলাকান্দির ব্লাড মাউথ ক্লাব ২৪৯ রানে লক্ষীপুর রাইজিং ক্লাবকে পরাজিত করেছে । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় টসে জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেয় ব্লাড মাউথ ক্লাব । নির্ধারিত ৫০ ওভারে ৬ উইকেট হারিয়ে ৩৫১ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে রাইজিং ক্লাব ২৩ ওভার চার বল খেলে সবকটি উইকেট হারিয়ে ১০২ রান করতে সক্ষম হয় । ম্যান অব দ্যা ম্যাচ হয়েছেন সৌম্য কান্তি পাল ।

---------------------------------------------------------------------------------